দৈনিক জনকণ্ঠ

13

তারিখ 28 MAY 1997
পৃষ্ঠা 1 কলাম 6

## মেডিক্যাল কলেজ

# মুক্তিযোদ্ধার পোষ্যদের জন্য সংরক্ষিত আসনে ভর্তি নিয়ে কিছু প্রশ্ন—

দেশের মেডিক্যাল কলেজসমূহে মুক্তিযোদ্ধাদের পোষ্যদের জন্য সংরক্ষিত আসনে শিক্ষার্থী ভর্তি সম্পর্কে স্বাস্থ্য অধিদফতর যে বক্তব্য দিয়েছে তার যথার্থতা নিয়ে প্রশ্ন উঠেছে। মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## মুক্তিযোদ্ধার পোষ্যদের

(প্রথম পাতার পর)

চেয়ারম্যান অধ্যক্ষ আহাদ চৌধুরী মঙ্গলবার এক বিবৃতিতে এ প্রশ্ন তুলে বলেন, অধিদফতরের পক্ষ থেকে এর আগে বলা হয়েছিল ১১১৬ জন মুক্তিযোদ্ধা সন্তানের মধ্যে থেকে মেধা ও যোগ্যতায় ৫১ জন এবং অতিরিক্ত আরও ১৫ জনসহ মোট ৬৬ জনকে সংরক্ষিত কোটায় ভর্তি করা হয়েছে। কিন্তু মুক্তিযোদ্ধাদের প্রতিনিধিত্বকারী একমাত্র সংগঠন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল ১০৫ মুক্তিযোদ্ধা সন্তানের নাম ভর্তির জন্য সুপারিশ করে পাঠিয়েছিল। এর বাইরের ১০১১ জন এবং অতিরিক্ত ১৫ জনকে কিভাবে কারা শনাক্ত করেছেন এবং যাদেরকে ভর্তি করা হয়েছে তারা কারা— এসব বিষয় স্বাস্থ্য অধিদফতর গোপন রাখায় স্বাভাবিকভাবেই এই তালিকা নিয়ে সন্দেহ দেখা দিয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, মুক্তিযোদ্ধাদের পোষ্যদের জন্য সংরক্ষিত কোটায় অন্য কেউ ভর্তি হলো কিনা এ সন্দেহ আরও জোরদার হয়েছে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সুপারিশকৃতদের মধ্যে নাফিসা নূর সুমি নামের ছাত্রীটিও ভর্তি হতে না পারায়। সুমি এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষাতেই স্টারসহ প্রায় ১৭০০ নম্বর পেয়েছে। এই সংরক্ষিত আসনগুলোতে কাদেরকে এবং কিসের ভিত্তিতে ভর্তি করা হয়েছে বিবৃতিতে তার তালিকা ও তথ্য প্রকাশের দাবি জানানো হয়।